

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ৬, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
সঞ্চয় শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ২ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ/১৬ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

নং ০৮.০০.০০০০.০৪১.২২.০০৬.২০.৯—পরিবার সঞ্চয়পত্র নীতিমালা, ২০০৯ এর অনুচ্ছেদ-৩ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ-৩ প্রতিস্থাপিত করা হইল—

০১। “সঞ্চয়পত্র ক্রয়ের যোগ্যতা: ১৮ (আঠারো) এবং তদূর্ধ্ব বয়সের যেকোন বাংলাদেশি মহিলা, যেকোন বাংলাদেশি শারীরিক প্রতিবন্ধী (পুরুষ ও মহিলা) এবং ৬৫ (পঁয়ষট্টি) ও তদূর্ধ্ব বয়সের বয়োজ্যেষ্ঠ যেকোন বাংলাদেশি পুরুষ নির্ধারিত ফরমে এই সঞ্চয়পত্র ক্রয়ের আবেদন করিতে পারিবেন। একক নামে সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) লক্ষ টাকার এই সঞ্চয়পত্র ক্রয় করিতে পারিবেন। এই সঞ্চয়পত্র যুগ্ম নামে ক্রয় করা যাইবে না এবং ইহাতে প্রতিষ্ঠানের টাকাও খাটানো যাইবে না।”

০২। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১২ সেপ্টেম্বর ২০১২ তারিখের অম/অসবি/সঞ্চয়-০১/২০১২/২৭২ স্মারকের মাধ্যমে জারীকৃত প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হইল।

০৩। জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মকিমা বেগম
উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৮৩৯)

মূল্য : টাকা ৪.০০